গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
www.kkcp.gov.bd

স্মারক নং: ৩২.০১.০০০০.০০৩.১৮.০৫৮.২৪- ১৭২০

তারিখ: ২৯/০৯/২০২৪

**বিষয়ঃ "কিশোর-কিশোরী ক্লাব স্থাপন" প্রকল্পের ক্লাবসমূহে নাস্তা বিতরণের ক্ষেত্রে ডিডিও হিসেবে আর্থিক বিধি-বিধান প্রতিপালন।।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'কিশোর-কিশোরী ক্লাব স্থাপন' প্রকল্পের আওতায় সারাদেশে ৪৮৮৩ টি ক্লাব চলমান আছে। প্রতিটি ক্লাবের সদস্য হিসেবে ২০ জন কিশোরী ও ১০ জন কিশোর রয়েছে এবং প্রতি ক্লাব দিবসে সদস্যদের জন্য জন প্রতি ৩০/- (ভ্যাট ও ট্যাক্স কর্তণ যোগ্য) টাকা হারে নাস্তা সরবরাহ করা হয়ে থাকে।

সম্প্রতি নিম্নস্বাক্ষরকারী কর্তৃক সরেজমিন ক্লাব পরিদর্শন, মাঠ পর্যায় হতে ফিল্ড সুপারভাইজরগণ কর্তৃক প্রেরিত পরিদর্শন প্রতিবেদনে মানসম্মত ও পুষ্টিকর নাস্তা সুষ্ঠুভাবে বিতরণে বিভিন্ন অনিয়ম পরিলক্ষিত হচ্ছে মর্মে প্রতীয়মান হয়। এছাড়াও বিভিন্ন সময়ে ক্লাব সদস্য, অভিবাবকবৃন্দ, ক্লবের শিক্ষক ও জেন্ডার প্রোমোটারগণ এবং অন্যান্য সচেতন মহল হতে বিভিন্ন উপজেলার ক্লাবসমূহে নাস্তার প্রকৃত অর্থ ব্যয়ে আর্থিক অনিয়ম হচ্ছে মর্মে প্রকল্প পরিচালক বরাবর টেলিফোন, ই-মেইল ইত্যাদি মাধ্যমে অভিযোগ পাওয়া গেছে।

এমতাবস্থায়, নাস্তা বাবদ বরাদ্দকৃত অর্থ ব্যয় করার জন্য ডিডিও হিসেবে নিজ কার্যালয়ে ক্যাশ রেজিস্টার সংরক্ষণ করা এবং বিকাশের মাধ্যমে কোন ব্যয় পরিশোধ করার প্রয়োজন হলে তা নিজস্ব bKash হিসাবের মাধ্যমে লেনদেন করে প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট লেনদেনের স্টেটমেন্ট সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নাস্তা যার মাধ্যমে ক্রয় এবং ক্লাবে সরবরাহ করা হবে তার নিকট থেকে খরচের স্বাক্ষরিত বিল/ভাউচারের কপি গ্রহণ করে তা সংশ্লিষ্ট ডিডিও অফিস সংরক্ষণ করবে। অন্যথায় সংশ্লিষ্ট ডিডিও-এর বিরুদ্ধে বিধি অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৯/৯/২০২৪
মোঃ আলমগীর
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

**বিতরণঃ**
১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা)
২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল উপজেলা)

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে।** (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক (গ্রেড-১), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৩. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল উপজেলা)।
৪. সহকারী পরিচালক, (ওয়েবসাইটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৫. ফিল্ড সুপারভাইজর (সকল)
৬. অফিস কপি।